।। ত্রুটি স্বীকার ।।

টাইপের সময়ে, আমার অনিবার্য অনুপস্থিতি এবং টাইপিস্টের দায়িত্বজ্ঞানহীন দ্রুততা ও টাইপ মেশিনের ত্রুটি মিলিয়ে কতগুলো ভুল, কষ্টকর সংশোধন ও বেশ কিছু পৃষ্ঠা পুণরায় টাইপ করার পরেও, থেকে গেল। যন্ত্রের ত্রুটিতে অক্ষরের গায়ে পড়া ভাবটিকে সংশোধন করা সম্ভব হলেও, যন্ত্রীর x ত্রুটি সর্বদা সংশোধন সম্ভব হয়নি। যতি চিহ্নের সর্বত্র যথেচ্ছ ও স্বাধীন ব্যবহারকে সংযত ও যথাযথ করা সম্ভব হলেও, পুরণো বাংলা উদ্ধৃতির বানানের আধুনিকীকরণ, যত ও যতো বা যত ও যতো ইত্যাদি দু'ধরণের বানানের ব্যবহার, কারণের বা ধরণের যতো শব্দকে কখনো কখনো 'কারণ-এর' 'ধরণ-এর' এই বানানে রূপান্তর - এই ব্যাপারগুলো সর্বত্র সংশোধন সম্ভব হয়নি। আর সংশোধন সম্ভব হয়নি পৃষ্ঠাগুলোর মার্জিন ও পংক্তি সংখ্যাকে মোটামুটি সমান রাখা - আঠারো পংক্তির পৃষ্ঠার পরে যেমন চব্বিশ পংক্তির পৃষ্ঠা আছে, ঠিক তেমনি পৃষ্ঠার নিচের দিকে বা পাশে দেড় ইঞ্চি মার্জিনের সংগেই হঠাৎ কোন পংক্তি বা পৃষ্ঠায় মার্জিন অতিক্রম করো করো ব্যাপারও আছে। অনিচ্ছাকৃত এইসব ত্রুটির জন্য আমি ক্ষমাপ্রার্থী।